

AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date: 08-11-2025

Time : 7-35 AM

DEO : KB

Desk in Charge : SDG

Compiling : NBR

NRT : NBR

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

- ১/ স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষার ফল প্রকাশ, ওয়েবসাইটের বিভ্রাটের কারণে বিলম্ব হওয়ার অভিযোগ উঠেছে। আজ সকাল পর্যন্ত তা' খোলেনি।
- ২/ উত্তরবঙ্গে ভোট প্রস্তুতি পর্যালোচনার পর নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ দিল্লী ফিরে যাবেন। # গতরাত পর্যন্ত ৩ কোটি চার লক্ষের বেশী এনুমারেশন ফর্ম বিলি করা হয়েছে।
- ৩/ নির্বাচন কমিশন, উত্তরবঙ্গের জলপাইগুড়ি সদর মহকুমার রাজগঞ্জের ব্লক উন্নয়ন আধিকারিক প্রশান্ত বর্মণ সম্বন্ধে বিস্তারিত রিপোর্ট তলব করেছে রাজ্য সরকারের কাছে।
- ৪/ কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের তৃতীয় দিনে আজ'ও থাকছে একাধিক অনুষ্ঠান, আলোচনা ও চিত্র প্রদর্শনী।
- ৫/ বাংলা ও রেলওয়ের মধ্যে চারদিনের রঞ্জি ট্রফি ক্রিকেট আজ গুজরাটে শুরু হচ্ছে।

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষার ফল প্রকাশ, ওয়েবসাইটের বিভ্রাটের কারণে বিলম্ব হওয়ার অভিযোগ উঠেছে। গতকাল শুক্রবার রাত আটটার পর ফল প্রকাশের কথা থাকলেও আজ সকাল পর্যন্ত ওয়েবসাইট খোলেনি বলে পরীক্ষার্থীদের অভিযোগ। যদিও সন্ধ্যের কিছু পরেই SSC-র পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, ফল প্রকাশিত হয়ে গেছে, কিন্তু পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট ওয়েবসাইট খোলার চেষ্টা করলে তা' খোলেনি। সংশ্লিষ্ট সাইটটি ত্রুটি করে গেছে বলে পরীক্ষার্থীরা মনে করছেন।

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু'ও সামাজিক মাধ্যমে জানান, SSC গতকাল একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগ পরীক্ষার ফল প্রকাশ করেছে। ডিসেম্বরের মধ্যেই নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ হবে। চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের উদ্দেশে তিনি জানিয়েছেন, সরকার তাঁদের পাশে আছে। স্বচ্ছতা ও ন্যায্যনিষ্ঠার সঙ্গে সরকার প্রতিটি পদক্ষেপ করা হবে।

২০১৬ সালের SSC-র চাকরী বাতিল মামলায় যোগ্য শিক্ষকদের অতিরিক্ত ১০ নম্বর দেওয়ার বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে দায়ের মামলায় কলকাতা হাইকোর্ট স্কুল সার্ভিস কমিশনকে যোগ্য-অযোগ্যদের তালিকা আদালতে পেশ করার নির্দেশ দিয়েছে। অন্যদিকে, আগামী ১২ই নভেম্বর মামলাকারীদের, তাঁদের বক্তব্য হলফনামা আকারে জমা দিতে বলা হয়েছে। ওই দিনই মামলার পরবর্তী শুনানি।

রাজ্যের প্রাথমিক স্কুলগুলিতে শিক্ষক ঘাটতি মেটাতে অতিরিক্ত শিক্ষক রয়েছে এমন স্কুল থেকে ঘাটতি থাকা স্কুলগুলিতে তাঁদের বদলী করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। বাংলার শিক্ষা পোর্টাল থেকে পাওয়া তথ্য অনুযায়ী বিভিন্ন স্কুলে ২৩ হাজার ৯৬২ জন শিক্ষকের ঘাটতি রয়েছে। এই ঘাটতি মেটাতে ২৩ হাজার ১৪৫ জন শিক্ষককে অন্যত্র

পাঠানো হচ্ছে। তবে, নিজের জেলায় বদলী হলেও বাড়ির কাছাকাছি যে তা' হবেনা, সে বিষয়টি স্পষ্ট করে দিয়েছে স্কুল শিক্ষা দপ্তর।

এপ্রসঙ্গে শিক্ষানুরাগী ঐক্যমঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেছেন, বিজ্ঞপ্তিতে শিক্ষক ঘাটতি ও উদ্বৃত্তের সংখ্যা প্রায় একই দেখানো হয়েছে। নিয়মিতি নিয়োগ না হওয়া সত্ত্বেও তা' কিকরে সম্ভব, সে প্রশ্ন তুলেছেন তিনি। শিক্ষক নিয়োগ ও পরিকাঠামোর উন্নয়ন করতে পারলে সরকারি স্কুলগুলিতে পড়ুয়ার সংখ্যা বৃদ্ধি পাবে বলে মনে করেন তিনি।

উত্তরবঙ্গে ভোট প্রস্তুতি পর্যালোচনার পর নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ দিল্লী ফিরে যাবেন। গতকাল জলপাইগুড়ি জেলা পরিষদে প্রশাসনের উচ্চ পদাধিকারীদের সঙ্গে বৈঠক করেন। উপস্থিত ছিলেন জেলাশাসক শামা পারভীন, মহকুমাশাসক তমোজিৎ চক্রবর্তী সহ অন্যান্য আধিকারিকরা। বৈঠকর পর প্রতিনিধি দল এলাকা ঘুরে দেখেন। পরে শিলিগুড়ি সার্কিট হাউসে দার্জিলিং জেলার SIR প্রস্তুতি পর্যালোচনা করেন তারা।

এদিকে, গতকাল রাত পর্যন্ত ৩ কোটি চার লক্ষের বেশী এনুমারেশন ফর্ম বিলি করা হয়েছে বলে কমিশন সূত্রে জানা গেছে।

SIR-এর কাজ চললেও নিয়মিত অফিসে না আসায় নির্বাচন কমিশন, উত্তরবঙ্গের জলপাইগুড়ি সদর মহকুমার রাজগঞ্জের ব্লক উন্নয়ন আধিকারিক প্রশান্ত বর্মন সম্বন্ধে বিস্তারিত রিপোর্ট তলব করেছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়ালের তরফে জলপাইগুড়ির জেলাশাসককে পাঠানো চিঠিতে, একথা বলা হয়েছে। বিডিও অফিস সংলগ্ন এলাকা থেকে যে প্রচুর সংখ্যায় ভোটার কার্ড পাওয়া গেছে, সে

সম্পর্কেও রিপোর্ট আকারে জানতে চাওয়া হয়েছে। যদিও, গতকাল নির্বাচন কমিশনের বৈঠকে যোগ দেন প্রশান্ত বর্মণ।

উল্লেখ্য, বিডিও প্রশান্ত বর্মণের বিরুদ্ধে পশ্চিম মেদিনীপুরের দাঁতনের এক স্বর্ণ ব্যবসায়ীকে অপহরণ ও খুনের অভিযোগ উঠেছে। ওই ব্যবসায়ীর পরিবারের তরফে অভিযোগ দায়ের হলেও পুলিশ এখনো পর্যন্ত প্রশান্তের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়নি।

প্রবল বৃষ্টি ও ভূমিধ্বসে ক্ষতিগ্রস্ত উত্তরবঙ্গের বর্তমান পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আবারো সেখানে যাচ্ছেন।

আগামী সোমবার কলকাতা থেকে রওনা হয়ে বাগডোগরা পৌঁছবেন তিনি। সেখানে প্রশাসনিক ভবন উত্তরকন্যায় তিনি জেলাশাসক সহ পুলিশ ও প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করবেন। এই সফরে মুখ্যমন্ত্রী বেশ কিছু প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করার সঙ্গে সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা এবং ক্ষতিগ্রস্তদের হাতে আর্থিক সহায়তা তুলে দেবেন। এছাড়াও মহিলা বিশ্বকাপ জয়ী বাংলার ক্রিকেটার রিচা ঘোষের সঙ্গে মুখ্যমন্ত্রী দেখা করতে পারেন বলে সূত্রের খবর।

বন্দেমাতরমের সার্থ শতবর্ষ উপলক্ষ্যে গতকাল থেকে সারা দেশে এক বছর ব্যাপী বিশেষ কর্মসূচীর সূচনা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুন দিল্লীতে এর সূচনা করেন।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী বলেন, বন্দেমাতরম হলো একটি মন্ত্র, একটি শক্তি একটি স্বপ্ন এবং একটি সঙ্কল্প। এই মন্ত্র ইতিহাসে ফিরিয়ে নিয়ে যাওয়ার পাশাপাশি বর্তমানকে আত্মবিশ্বাস যোগায় এবং ভবিষ্যতের জন্য সাহস সঞ্চার করে। বিশ্বাস করতে শেখায় যে এমন কোনো স্বপ্ন নেই যা অর্জন করা যায় না। বন্দেমাতরমের মূল ভাবনা হলো ভারতমাতা। প্রধানমন্ত্রী বলেন, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত এই

উপন্যাসের প্রতিটি শব্দের গভীর অর্থ রয়েছে। যুগে যুগে এই স্তোত্র প্রাসঙ্গিক হয়ে থাকবে।

এদিকে, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, আগামী দুর্গাপুজোয় বন্দেমাতরমে বর্ণিত দেবী দুর্গার আরাধনায় বিশেষ অনুষ্ঠান করবে বিজেপি। যারা পশ্চিমবঙ্গে বিভাজনের রাজনীতি করার চেষ্টা চালাচ্ছে তাঁদের কাছে এই উদ্যোগ, বার্তা পৌঁছে দেবে বলেও মন্তব্য করেন তিনি।

(বাইট- শমীক)

৩১-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের তৃতীয় দিনে ইন্টারন্যাশনাল কম্পিটিশন ইনোভেশন ইন মুভিং ইমেজেস, ইন্ডিয়ান প্যানোরামা এই সমস্ত বিভাগের পাশাপাশি শতবার্ষিকী শ্রদ্ধার্ঘ্যে থাকছেন সলিল চৌধুরী, সন্তোষ দত্ত ও রাজ খোসলা। এখানে প্রদর্শিত হবে দো বিঘা জমিন, জয় বাবা ফেলুনাথ ও বোম্বাই কা বাবু।

একটি প্রতিবেদন- (ক্যাপসুল- অভিজিৎ)

কলকাতা শহরে জন্মগ্রহণ করলে তবেই কলকাতা পুরসভা জন্মের শংসাপত্র দেবে বলে জানিয়েছেন মেয়র ফিরহাদ হাকিম। পুরভবনে আজ সাংবাদিকদের তিনি বলেন, পুরসভা নির্দিষ্ট নিয়ম মেনেই জন্ম শংসাপত্র প্রদান করে এবং এই সম্পর্কে সমস্ত তথ্য পুরসভার ওয়েবসাইটে নিয়মিত প্রকাশিত হয়।

উল্লেখ্য, বিজেপি দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধন (SIR) প্রক্রিয়া চলাকালীন, অনৈতিকভাবে জন্মের শংসাপত্র প্রদান করছে কলকাতা পুরসভা। তার প্রেক্ষিতেই এই উদ্যোগ।

মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য আগামী রবিবার অর্থাৎ ৯' ই নভেম্বর ভোর ৫টা থেকে রাত ৯' টা পর্যন্ত বিদ্যাসাগর সেতু বন্ধ থাকবে। এর জন্য ওই সেতু দিয়ে সমস্ত ধরনের যান চলাচল বন্ধ রাখা হবে।

হাওড়া সিটি পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, সেই সময় যান চলাচল নিয়ন্ত্রণও করা হবে। হাওড়া থেকে আসা কলকাতাগামী গাড়িগুলি রবিবার দ্বিতীয় ভাগি সেতুর পরিবর্তে হাওড়া সেতু (রবীন্দ্র সেতু) বা নিবেদিতা বা ওল্ড বালি ব্রিজ ব্যবহার করতে পারবে।

কলকাতা সহ গোটা রাজ্যেই আগামী কয়েকদিন আবহাওয়া শুষ্ক থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। সপ্তাহের মাঝামাঝি নাগাদ তাপমাত্রা, তিন থেকে চার ডিগ্রি কমতে পারে। দক্ষিণবঙ্গে বেশী তাপমাত্রা কমবে, পশ্চিমের জেলাগুলিতে।

তবে উত্তরবঙ্গে হাল্কা বৃষ্টি হতে পারে বলে জানিয়েছেন, আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস।

(বাইট- হাবিবুর)

বাংলা ও রেলওয়ের মধ্যে চারদিনের রনজি ট্রফি ক্রিকেট প্রতিযোগিতা আজ শুরু হবে। গুজরাতের লালভাই কন্ট্রাক্টর স্টেডিয়ামে খেলা শুরু হবে সকাল সাড়ে নটায়। বাংলা এপর্যন্ত তিন ম্যাচে ১৩ পয়েন্ট সংগ্রহ করেছে। অন্যদিকে সমসংখ্যক ম্যাচে রেলের পয়েন্ট চার।
